দৈনিক বাংলা

তারিখ ... ...17.8.84...
পৃষ্ঠা ... ... ... কলাম ... ... ...

014

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষামন্ত্রণালয়

নং—শিস১২/১৩-৩/৮৪/১৫০৯ (১৪)-এডুকেশন তাং-৯-৮-৮৪

# বিষয় ঃ ১৯৮৫ সালের জন্য জাপানী (মনবুশো) বৃত্তি

১৯৮৫ সালের এপ্রিল অথবা অক্টোবর থেকে শুরু বিভিন্ন জাপানী বিশ্ববিদ্যালয়ে গ্রহণযোগ্য পোস্ট-গ্রাজুয়েট রিসার্চ পর্যায়ে অধ্যয়নের জন্য জাপান সরকার কর্তৃক প্রদত্ত ৭ (সাতটি) বৃত্তি মঞ্জুরের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে। এই বৃত্তির স্বাভাবিক মেয়াদ দুই বছর তবে এই মেয়াদ বাড়ানো যেতে পারে। নির্বাচিত প্রার্থীকে জাপানে প্রকৃত কোর্স শুরু হওয়ার আগে জাপানী ভাষা শিখতে হবে এবং এরজন্য কমপক্ষে ছয় মাসের প্রয়োজন হতে পারে।

২। নিম্নলিখিত বিষয় সমূহে বৃত্তি প্রদান করা হবে এবং যে সমস্ত প্রার্থী বিষয়গুলির পার্শ্বে বর্ণিত সর্বনিম্ন শিক্ষাগত যোগ্যতার অধিকারী কেবলমাত্র তারাই আবেদন করতে পারবেন।

| | | | |
|---|---|---|---|
| ১। | ইলেকট্রনিক্স ঃ | ২ | অনার্স এবং মাস্টার ডিগ্রি পর্যায়ে ১ম শ্রেণী অথবা ১ম শ্রেণীর বি এস সি ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রনিক) তৎসহ এসএসসি এবং এইচ এসসি-তে, কমপক্ষে একটি ১ম বিভাগ। ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয়। |
| ২। | ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং | ১ | ১ম শ্রেণীর বিএসসি ইলেকট্রিক্যাল (ইঞ্জিনিয়ারিং) ডিগ্রী তৎসহ এসএসসি এবং এইচ এসসি পর্যায়ে ১ম অথবা ২য় বিভাগ। |
| ৩। | টেলিকমিউনিকেশন | ১ | ১ম শ্রেণীর বিএসসি (ইঞ্জিনিয়ারিং) ডিগ্রি তৎসহ এসএসসি এবং এইচ এসসি পর্যায়ে ১ম অথবা ২য় বিভাগ। |
| ৪। | প্লাষ্টিক সার্জারী | ১ | নিয়মিত এমবিবিএস ডিগ্রি তৎসহ এসএসসি ও এইচএসসি পর্যায়ে ১ম বিভাগ। |
| ৫। | ফাইন আর্টস | ২ | ভাল ২য় শ্রেণীর বিএফএ ডিগ্রি তৎসহ এসএসসি ও এইচ এসসি পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ। |

৩। প্রার্থীদের বয়স ১৯৮৫ সালের ১লা এপ্রিলে ৩৫ বছরের কম হতে হবে। বিভাগীয় প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৪। নিম্নলিখিত তথ্যাদি উল্লেখ পূর্বক সাদাকাগজে লিখিত দরখাস্ত নিম্নস্বাক্ষরকারীর নিকট সর্বশেষ ২৫শে আগস্ট ৮৪ তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

ক) নাম (বড় অক্ষরে) ঃ
খ) পিতার নাম ঃ
গ) জন্ম তারিখ ঃ
ঘ) ১-৪-৮৫ তারিখের বয়স ঃ
ঙ) ডাক ঠিকানা ঃ
চ) নিজ জেলা ঃ

(একজন গেজেটেড অফিসার অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের যথাযথভাবে স্বাক্ষরিত একটি সার্টিফিকেট দাখিল করতে হবে)

ছ) শিক্ষাগত যোগ্যতা ঃ

| প্রতিষ্ঠানের নাম | পরীক্ষা পাশ | বছর | প্রাপ্ত বিভাগ/শ্রেণী | স্থান | প্রধান বিষয়াদি | প্রাপ্ত নম্বরের গড় |
|---|---|---|---|---|---|---|

জ) নিয়োগকর্তার ঠিকানা সহ বর্তমান পেশা ঃ
ঝ) অভিজ্ঞতা ঃ

| চাকরীর বিবরণ (বর্তমান থেকে শুরু করতে হবে) | চাকরীর মেয়াদ থেকে পর্যন্ত | চাকরীর মোট কার্যকাল |
|---|---|---|

ঞ) গবেষণা মূলক লেখা অথবা প্রকাশনা থাকলে তার তালিকা ঃ
ট) যে বিষয়ে অধ্যয়নের জন্য দরখাস্ত করছেন তার নাম ঃ
ঠ) অন্যান্য তথ্যাদি ঃ

আবেদনকারীর স্বাক্ষর

মোঃ আবুল হোসেন খান,
সেকশন অফিসার
ফোন ঃ ২৩৫১১১/৩১০৫

তথ্য—৫১৮৮ (২) (১১-৮)
জি—২৭৪৩